দৈনিক বাংলা

তারিখ 26 DE 1987 ... ... ...
পৃষ্ঠা ... ... 5 কলাম 3 ... ...

260

# উচ্চ মাধ্যমিক পরীক্ষার সিলেবাস

আমরা ১৯৮৭ ইং সনের উচ্চ মাধ্যমিক শ্রেণীর মানবিক বিভাগের পরীক্ষার্থী ছিলাম। আমাদের একজন অনিবার্য কারণে পরীক্ষা দিতে পারেনি। অন্য দুজন পরীক্ষা দিয়ে অকৃতকার্য হয়েছে। প্রশ্ন হলো, যে পরীক্ষা দেয়নি সে এখন কোন (নতুন না পুরাতন) সিলেবাস অনুযায়ী পরীক্ষা দিতে পারবে? যদি পুরাতন সিলেবাস অনুযায়ী হয়ে থাকে তবে ১৯৮৮ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কোন কোন বিষয়ের সিলেবাস ও প্রশ্নপত্র (প্রশ্নের ধারা ও মানবন্টন) পরিবর্তন হবে? না একই রকম (নতুন ও পুরাতন সিলেবাসের মধ্যে) থাকবে? বিশেষ করে বাংলা ও ইংরেজী প্রশ্নপত্র কি সম্পূর্ণ পৃথকভাবে হবে? নাকি প্রশ্নপত্রের অংশবিশেষ ( এবং কোন কোন অংশ আলাদা বা সামঞ্জস্যপূর্ণ থাকবে? কারণ বাংলার পাঠ্য সহায়ক ৮৫-৮৬ ইং সেসনে যা ছিল এখনো তাই আছে। শান্তিকান্ত বা বক্তান্ত প্রান্তর নয়। আর নতুন সিলেবাসের (৮৬-৮৭ সেসন) ইংরেজী বই নতুন করে হয়েছে। এবং এর প্রশ্নপত্রেও পূর্বের চেয়ে (কলেজ ফাইনাল পরীক্ষায়) কিছুটা ব্যতিক্রম দৃষ্ট হচ্ছে। এ ব্যাপারে কলেজ ও বোর্ডে যোগাযোগ করেও কোন তথ্য জানতে পারিনি। কারণ হিসেবে বলা হয়েছে ১৯৮৭ ইং সালের অকৃতকার্য পরীক্ষার্থীদের ব্যাপারে তাদের কাছে কোন নির্দেশ আসেনি। এদিকে আমাদের নির্বাচনী ও ফাইনাল পরীক্ষা প্রায় সমাগত। অথচ এখনো কি পড়াবো কি পড়বো না তা জানতে না পেরে স্বভাবতই আমরা বিপদগ্রস্ত আছি। এবং আমাদের পড়াশোনায় দারুণ ব্যাঘাত ঘটছে। এ অবস্থায় অবিলম্বে বিষয়টি সম্পর্কে কলেজ কর্তৃপক্ষ অথবা পত্রিকার মাধ্যমে আমাদের অবহিত করার জন্য শিক্ষা মন্ত্রণালয় সমীপে আবেদন জানাচ্ছি।

## জনমত

মমতাজ, আফিয়া
সরকারী মহিলা কলেজ, কুমিল্লা।
রওশন আক্তার
চৌয়ারা কলেজ, কুমিল্লা।